# AKASHVANI(AIR)

# RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 16-01-2026 Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু’দিনের সফরে আগামিকাল পশ্চিমবঙ্গে আসছেন। সফরকালে তিনি দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের যাত্রার শুরু সংকেত দেওয়ার পাশাপাশি রেল, সড়ক পরিকাঠামো ও অভ্যন্তরীণ জলপথ উন্নয়নে চার হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

২) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোয় এক নতুন দিগন্তের সূচনা হতে চলেছে। তিনি আজ নিউ জলপাইগুড়ি স্টেশন পরিদর্শন করেন।

৩) মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের ঝাড়খন্ডে অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে আজ ঐ জেলার বেলডাঙা এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। বিজেপি এই ঘটনার কড়া নিন্দা করে বলেছে রাজ্যে আইনের শাসন নেই।

৪) আই প্যাকের অফিসে তল্লাশির সময় ইডি আধিকারিকদের বাধা দেওয়ার প্রতিবাদে কলকাতা হাইকোর্ট বিজেপি-কে ধর্ণা কর্মসূচী নবান্নের সামনে করতে না দেওয়ায় ওই দল আজ ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে।

৫) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ইডির ফাইল নিয়ে চলে যাওয়ার ঘটনায় সুপ্রিমকোর্টের নির্দেশে বাংলার ভাবমূর্তি নষ্ট হয়েছে বলে বিজেপি দাবি করেছে।

৬) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় , কোন কোন ওবিসি শংসাপত্র বৈধ হিসেবে গৃহীত হবে সেই নিয়ে জটিলতার অবসান হয়েছে।

এদিকে, এস আই আর-এর শুনানি চলাকালীন আজও বিভিন্ন জেলায় বিক্ষোভের খবর মিলেছে।

OOOOOOOOOOOOOOOOOOO

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু'দিনের সফরে আগামিকাল পশ্চিমবঙ্গে আসছেন। সফরকালে তিনি দেশের প্রথম বন্দেভারত স্লিপার ট্রেনের যাত্রার শুরু সংকেত দেওয়ার পাশাপাশি রেল, সড়ক পরিকাঠামো ও অভ্যন্তরীণ জলপথ উন্নয়নে চার হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। শ্রী মোদী প্রথমে মালদায় পৌঁছে, মালদা টাউন স্টেশন থেকে হাওড়া ও অসমের (গুয়াহাটি) কামাক্ষ্যার মধ্যে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন করবেন। সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত এই ট্রেনটিতে যাত্রীরা দীর্ঘ পথে আধুনিক ও স্বাচ্ছন্দময় পরিষেবার অভিজ্ঞতা লাভ করবেন। সুলভমূল্যে তারা কম সময়ে বিমান যাত্রার মতো পরিষেবাও উপভোগ করতে পারবেন।

এছাড়াও প্রধানমন্ত্রী মালদায় ৩,২৫০ কোটি টাকা মূল্যের একাধিক রেল ও সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে রয়েছে, বালুরঘাট ও হিলির মধ্যে নতুন রেলপথ, নিউজলপাইগুড়িতে পরবর্তী প্রজন্মের ফ্রেট রক্ষণাবেক্ষণ পরিষেবা কেন্দ্র, জলপাইগুড়ি জেলায় বন্দেভারত ট্রেনের রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা এবং শিলিগুড়ির লোকোশেডের আধুনিকীকরণ । মালদা থেকে শ্রী মোদী চারটি নতুন অমৃতভারত ট্রেনের যাত্রা শুরুর সংকেত দেবেন।

রবিবার ১৮ই জানুয়ারি হুগলির সিঙ্গুরে আরও ৮৩০ কোটি টাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন প্রধানমন্ত্রী। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের ভিত্তিপ্রস্তর স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

ওই দিনই কলকাতায় রাজ্যের জন্য নির্মিত বৈদ্যুতিক ক্যাটামারান জলযান উদ্বোধন করবেন তিনি। এছাড়াও বাঁকুড়ার ময়নাপুর-জয়রামবাটি নতুন রেললাইন ও একাধিক অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনাও রয়েছে তার কর্মসূচিতে। এরপর বিজেপির বিজয় সঙ্কল্প যাত্রাতেও শ্রী মোদী ভাষণ দেবেন।

প্রধানমন্ত্রীর এই সফরকে কেন্দ্র করে রাজ্য প্রশাসন ও কেন্দ্রীয় সংস্থাগুলি ইতিমধ্যেই প্রস্তুতি শুরু করেছে। উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ—দু'দিনেই একাধিক বড় জনসমাগমের সম্ভাবনা রয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানানো হয়েছে

OOOOOOOOOOOOOOOOOOO

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, পশ্চিমবঙ্গে রেল পরিকাঠামোয় এক নতুন দিগন্তের সূচনা হতে চলেছে। প্রধানমন্ত্রীর আগামীকাল বন্দে ভারত সহ বিভিন্ন ট্রেন পরিষেবার উদ্বোধনের আগে শ্রী বৈষ্ণ আজ নিউ জলপাইগুড়ি স্টেশন পরিদর্শন করেন।

তিনি বলেন, উত্তরবঙ্গের অন্যতম গুরুত্বপূর্ণ এই নিউ জলপাইগুড়ি রেল স্টেশনকে বিশ্বমানের করে তোলার কাজ অনেকটাই এগিয়ে গেছে। আগামী দিনে এই স্টেশন উত্তর-পূর্ব ভারতের প্রবেশ দ্বার হিসেবে আরও আধুনিক ও যাত্রী বান্ধব হয়ে উঠবে।

(বাইট – অশ্বিনী বৈষ্ণ)

এছাড়াও নেপাল, ভূটান, বাংলাদেশের গুরুত্বপূর্ণ প্রবেশ পথ এই স্টেশন। এটির উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার বাজেটে ৫-শো কোটি টাকা বরাদ্দ করেছে। আধুনিকীকরণের কাজ সম্পূর্ণ হলে, নিউ জলপাইগুড়ি স্টেশনে যাত্রী সংখ্যা দ্বিগুণ বৃদ্ধি পাবে। বর্তমানে ৬০ হাজার যাত্রী এই স্টেশন দিয়ে চলাচল করে। তা বেড়ে দাঁড়াবে ১ লক্ষ ২০ হাজার।

প্রধানমন্ত্রী আগামীকাল পশ্চিমবঙ্গের জন্য যে সমস্ত নতুন ট্রেনের সূচনা করতে চলেছেন, তার ফলে রাজ্যের বিভিন্ন প্রান্তের সঙ্গে যোগাযোগ আরও প্রসারিত হবে বলেও আশা প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের ঝাড়খন্ডে অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে আজ ঐ জেলার বেলডাঙা এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে।

সুজাপুরের বাসিন্দা বছর ৩৭ এর আলাউদ্দিন শেখ ঝাড়খন্ডে ফেরিওয়ালার কাজ করতেন। গতকাল সকালে ভাড়া বাড়ি থেকে তার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পরিবারের দাবি, তাকে পিটিয়ে খুন করা হয়েছে।

আজ সকালে আলাউদ্দিনের দেহ গ্রামে ফিরতেই স্থানীয়রা জাতীয় সড়ক অবরোধ করেন। বাঁশ ফেলে অবরোধ করা হয় বেলডাঙা স্টেশনও। এর জেরে শিয়ালদা লালগোলা শাখায় ট্রেন চলাচল ব্যাহত হয়। হাজারদুয়ারি এক্সপ্রেস, লালগোলা প্যাসেঞ্জারের মত গুরুত্বপূর্ণ ট্রেন দাঁড়িয়ে পড়ে।

দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বেলডাঙা ১২ নম্বর জাতীয় সড়কে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। অবরোধের জেরে তৈরি হয় দীর্ঘ যানজট। আটকে পড়ে শতাধিক বাস ও পণ্যবাহী ট্রাক। পরিস্থিতি সামাল দিতে এলাকায় মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী।

মুর্শিদাবাদের জেলাশাসক নীতিন সিংহানিয়া ও জেলা পুলিশ সুপার কুমার সানি রাজ ঘটনাস্থলে যান। বিক্ষোভকারীদের নিয়ে স্থানীয় মহেশপুর প্রাথমিক বিদ্যালয়ে তারা বৈঠকও করেন। বিক্ষোভকারীরা পরিযায়ী শ্রমিকদের জন্য জেলা প্রশাসনের বিশেষ পরিচয় পত্র, ২৪ ঘন্টার হেল্প লাইন চালু, নিহত পরিযায়ী শ্রমিকের পরিবারের একজনকে সরকারি চাকরী সহ বিভিন্ন দাবি জানান। দীর্ঘ আলোচনার পর অবরোধ তুলে নেওয়া হয়। পরিস্থিতি এখন স্বাভাবিক বলে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন।

এদিকে, ঘটনার খবর করতে গিয়ে একচি বেসরকারি টি ভি চ্যানেলের এক মহিলাকে সাংবাদিক নিগৃহীত হন বলে অভিযোগ। তার ক্যামেরাম্যানকেও মারধর করা হয়েছে।

oooooooooooooooooooo

এই ঘটনায় রাজনৈতিক মহলে সমালোচনার ঝড় উঠেছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন, রাজ্যকে অশান্ত করার জন্যই ট্রেন এবং রাস্তা অবরোধ করে বিক্ষোভ চলছে। বেলডাঙার এই ঘটনা কোন বিচ্ছিন্ন ঘটনা নয় বলেও দাবি করেন তিনি। সুকান্তবাবুর অভিযোগ এই ঘটনায় মমতা ব্যানার্জী সরকারের প্রচ্ছন্ন মদত আছে।

(বাইট – সুকান্ত)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও অভিযোগ করেছেন রাজ্যের আইনের শাসন নেই, মুখ্যমন্ত্রী রাজ্যবাসীকে প্ররোচিত করছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শুভেন্দু বলেন, বেলডাঙ্গায় পুলিশের সামনেই এক মহিলা সাংবাদিকের ওপর হামলা হয়েছে। বর্তমানে তিনি গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন। অবিলম্বে এই ঘটনায় জড়িতদের গ্রেফতারের দাবি জানান বিরোধী দলনেতা ।

বেলডাঙায় আজ উত্তেজিত জনতার হাতে এক বেসরকারি টিভি চ্যানেলের মহিলা সাংবাদিকের নিগ্রহেরও তীব্র নিন্দা করেছেন দলের মুখপাত্র অমিত মালব্য । এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, সুপরিচিত ঐ মহিলা সাংবাদিককে সকলের সামনে প্রায় এক কিলোমিটার তাড়া করে দুষ্কৃতীরা। সবথেকে বিস্ময়কর ঘটনা হলো বিপুল সংখ্যক পুলিশের সামনেই এই ঘটনা ঘটলেও তারা নীরব দর্শকের ভূমিকায় দাঁড়িয়ে ছিলেন।

শ্রী মালব্যও রাজ্যে আইন শৃঙ্খলা সম্পূর্ণ ভেঙে পড়েছে বলে মন্তব্য করে এই ঘটনায় মুখ্যমন্ত্রী কীভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করবেন তা নিয়ে প্রশ্ন তোলেন। এব্যাপারে মুখ্যমন্ত্রী যেভাবে সাংবাদিকের

বদলে দুষ্কৃতীদের পক্ষ নিয়েছেন তারও কড়া সমালোচনা করেন তিনি। শ্রী মালব্য বলেন, সাংবাদিক তাঁর নিজের কাজ করছিলেন, মুখ্যমন্ত্রী যেভাবে তাঁর ওপর নিগ্রহের প্রতিবাদ না করে উল্টে তাঁকেই আন্দোলন চলাকালীন সেখানে না যাওয়ার পরামর্শ দিয়েছেন তা অত্যন্ত নিন্দনীয়।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বলেছেন, পরিযায়ী শ্রমিকদের রক্ষার দায়িত্ব রাজ্য সরকারের হলেও এব্যাপারে প্রশাসন উদাসীন।

(বাইট – অধীর)

oooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শিলিগুড়িতে মহাকাল মহাতীর্থ মন্দিরের শিলান্যাস করায় তার তীব্র সমালোচনা করেছে ভারতীয় জনতা পার্টি। শিলিগুড়ির বিধায়ক শঙ্কর ঘোষ বলেছেন, সরকার প্রত্যক্ষ ভাবে কোনো ধর্মের প্রচার করতে পারে না। এর আগেও দিঘায় জগন্নাথ মন্দির নির্মানে রাজ্য সরকারের প্রত্যক্ষ যুক্ত থাকার প্রমাণ পেয়েছে রাজ্যবাসী। তিনি বলেন, হিন্দুরা নিজেদের উদ্যোগে এই মন্দির তৈরি করবে।

ooooooooooooooooooo

আই প্যাকের অফিসের তল্লাশির সময় ইডি আধিকারিকদের বাধা দেওয়ার প্রতিবাদে কলকাতা হাইকোর্ট বিজেপি-কে তাদের ধর্ণা কর্মসূচী চাহিদা মতো নবান্নের সামনে করতে না দিয়ে মন্দিরতলা বাস স্ট্যান্ডে করার অনুমতি দেওয়ায় ওই দল আজ ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে। বিচারপতি শুভ্রা ঘোষের গতকালের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে দলের পক্ষ থেকে আজ প্রধান বিচারপতি সুজয় পালের দৃষ্টি আকর্ষণ করে মামলা দায়েরের অনুমতি নেওয়া হয়। আগামী সোমবার ওই মামলার শুনানি হতে পারে।

উল্লেখ্য, বিচারপতি ঘোষ গতকাল নির্দেশ দেন, নবান্নের সামনে নয়, মন্দিরতলা বাস স্ট্যান্ডে ধর্ণায় বসতে পারে বিজেপি। এজন্য তিনি কিছু শর্তও আরোপ করেন। এর মধ্যে আছে সকাল ১০-টা থেকে বিকেল চারটে পর্যন্ত সর্বাধিক ৫০ জন বিধায়ককে নিয়ে এই ধর্ণা দেওয়া যাবে, কিন্তু কোন মাইক ব্যবহার করা চলবে না। ১২/১৫ মাপের স্টেজ করা যাবে, এবং ধর্ণা শেষ হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে সেই জায়গা পরিস্কার করে দিতে হবে বলেও জানিয়েছেন বিচারপতি।

ooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ইডির ফাইল নিয়ে চলে যাওয়ার ঘটনায় সুপ্রিমকোর্টের নির্দেশে বাংলার ভাবমূর্তি নষ্ট হয়েছে বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন, মুখ্যমন্ত্রী দাবি করেছিলেন যে, তিনি শুধুমাত্র

তৃণমূল কংগ্রেস সভানেত্রী হিসেবে ফাইল আনতে গেছিলেন। কিন্তু তাহলে তার সঙ্গে মুখ্য সচিব,রাজ্য পুলিশের ডিজি এবং জেড প্লাস স্তরের নিরাপত্তা বাহিনী কেন ছিল, সেই প্রশ্ন তোলেন শমীক বাবু। একে তিনি সংবিধানের ওপর সরাসরি আক্রম বলে মনে করেন। পশ্চিমবঙ্গের পথ অনুসরণ করে চললে তা গণতন্ত্রের পরিপন্থী হবে এবং সারাদেশে নৈরাজ্য ও অরাজকতা মাথাচাড়া দেবে বলেও আশঙ্কা ব্যক্ত করেন শ্রী ভট্টাচার্য্য।

(বাইট – শমীক)

oooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় , ওবিসি শংসাপত্রের বৈধতা নিয়ে জটিলতার অবসান হয়েছে। কলকাতা হাই কোর্টের রায় মেনে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর এসআইআর প্রক্রিয়ায় কোন কোন ওবিসি শংসাপত্র গ্রহণযোগ্য হবে, তা নিয়ে একটি বিস্তারিত বিজ্ঞপ্তি জারি করেছে। এতে বলা হয়েছে, ২০১০ থেকে ২০২৪ সালের মধ্যে ইস্যু হওয়া ওবিসি শংসাপত্রগুলি কলকাতা হাই কোর্টের রায় অনুযায়ী বৈধ দলিল হিসেবে গণ্য হবে এবং এসআইআর প্রক্রিয়ায় এই শংসাপত্রের ভিত্তিতে ভোটারদের দাবি- ও আপত্তির নিষ্পত্তি করা যাবে। একই সঙ্গে সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক এবং ইআরও-দের আদালতের নির্দেশ কঠোরভাবে মানার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

আদালতের পর্যবেক্ষণ ছিল, ২০১০ সালের আগে ইস্যু করা ওবিসি শংসাপত্রগুলি ৬৬টি শ্রেণির ক্ষেত্রে বৈধ নয়। সেই কারণে ২০১০ সালের আগে যেসব ওবিসি শংসাপত্র ইস্যুয়ায় গ্রহণ করা হবে না বলে জানানো হয়েছে।

ooooooooooooooooooo

SIR-এর শুনানি ঘিরে আজও বিভিন্ন জেলায় বিক্ষোভের খবর মিলেছে।
উত্তর দিনাজপুরের ইসলামপুরের সুজালিও আজ রণক্ষেত্র হয়ে ওঠে। বিক্ষোভ, অগ্নিসংযোগ ও দীর্ঘ পথ অবরোধের জেরে চরম ভোগান্তির স্বীকার হন নিত্য যাত্রীরা। বিক্ষোভকারীরা রাস্তা অবরোধ করে টায়ার জ্বালিয়ে প্রতিবাদে সামিল হন। ইসলামপুর থানার পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছলে বিক্ষোভকারীদের সঙ্গে তাদের বাদানুবাদ চলে।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, সুজালি এলাকায় আজ এস আই আর-এর শুনানি হওয়ার কথা ছিল। কিন্তু গ্রামবাসীদের অভিযোগ তাদের কাছে এই শুনানির নোটিশ পৌঁছেছে অনেক দেরিতে। অস্বাভাবিক এই বিলম্বের প্রতিবাদেই তারা ক্ষোভে ফেটে পড়েন। পুলিশের হস্তক্ষেপে ও স্থানীয় প্রশাসনের আশ্বাসের পরে অবরোধ উঠে যায়। পরিস্থিতি অবশ্য এখনও থমথমে।

উল্লেখ্য, এস আই আর-এর প্রতিবাদে চাকুলিয়াতেও গতকাল বিডিও অফিসে ভাঙচুর ও অগ্নি সংযোগের ঘটনায় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। দফায় দফায় সংঘর্ষে গুরুতর আহত হন থানার আই সি সহ কয়েকজন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কাঁদানে গ্যাসের সেল ছোঁড়ে ও লাঠি চার্জ করতে বাধ্য হয়। ১৯ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের আজ ইসলামপুর আদালতে তোলা হলে ১২ জনের হেফাজত ও তিনজনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। এই ঘটনায় উত্তর দিনাজপুরের জেলা নির্বাচনী আধিকারিক (ডিইও)-কে এফআইআর করার নির্দেশ দিয়েছে কমিশন।

মুর্শিদাবাদের ফারাক্কায় এস আই আর-কে কেন্দ্র করে ভাঙচুরের ঘটনায় ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গত বুধবার ফারাক্কা বিডিও অফিসে আসবাবপত্র ও সরকারী সম্পত্তি ভাঙচুরের এই ঘটনায় আরও কেউ জড়িত আছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

এস আই আর-এর নামে হয়রানির অভিযোগ তুলে উত্তর ২৪ পরগনার মাটিয়ে থানার স্বরূপ নগর এলাকায় আজ টাকী রোড অবরোধ করেন বিক্ষোভকারীরা। তাদের অভিযোগ শুনানিতে হাজিরা দিয়ে তারা প্রয়োজনীয় নথি জমা দিয়েছিলেন। তারপরেও আবার শুনানিতে ডাকা হয়েছে। গাছের গুড়ি ফেলে ট্যায়ার জ্বালিয়ে বিক্ষোভের জেরে টাকী রোডে যান চলাচল বেশকিছুক্ষণ বন্ধ হয়ে যায়।

সন্দেশখালি এক নম্বর ব্লক সমষ্টি উন্নয়ন দফরের সামনেও এস আই আর-এর হয়রানির প্রতিবাদে বিক্ষোভ প্রদর্শন করা হয়। গোপালনগর থানার পালনা গ্রাম পঞ্চায়েতের সহিশপুর এলাকায় প্রায় ৪-শো বৈধ ভোটারকে শুনানির নোটিশ দেওয়া হয়েছে, এই অভিযোগ করে গ্রামের বাসিন্দারা বিক্ষোভে সামিল হয়। গোপালনগর নহাটা সড়ক অবরোধ করা হয়। পরে পুলিশের হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

এস আই আর-এ হয়রানির অভিযোগ তুলে কোচবিহারের দীনহাটার বিভিন্ন এলাকায় আজ অবরোধ করে তৃণমূল কংগ্রেস। বুড়ির হাট, নিগম নগর, খাড়ুভাজ সহ একাধিক এলাকায় দীর্ঘক্ষণ এই অবরোধের জেরে সমস্যায় পড়েন স্থানীয় বাসিন্দারা। পরে পুলিশের আশ্বাসে অবরোধ তুলে নেওয়া হয়।

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরেও এস আই আর-এর শুনানির নামে সাধারণ মানুষকে হেনস্থার অভিযোগে বিডিও অফিস অভিযানে নামে সি পি আই এম। সেখানে জমায়েত করে প্রতিবাদ সভাও করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০